ইসলামী ব্যাংকের ঋণপত্র খোলাসহ ব্যাবসা পরিচালনায় কোন বিধি নিষেধ থাকছে না

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির নবগঠিত পরিচালনা পরিষদ আজ ৫ সেপ্টেম্বর ২০২৪, বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর-এর সাথে মতবিনিময় সভায় মিলিত হন। সভায় ইসলামী ব্যাংকের দৈনন্দিন স্থিতি ইতিবাচক হওয়ায় গভর্নর সন্তোষ প্রকাশ করেছেন।

ব্যাবসা পরিচালনা সংক্রান্ত বিধিনিষেধের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের গভর্নর মহোদয় জানান যে, এখন থেকে ইসলামী ব্যাংকের ঋণপত্র খোলাসহ ব্যবসা পরিচালনায় বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে আর কোন বিধি নিষেধ থাকছে না | এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হবে |

তিনি আমানতকারীদের উদ্দেশ্যে বলেন, ইসলামী ব্যাংকে গ্রাহকদের আমানত সুরক্ষিত আছে। গ্রাহকদের চাহিদা পূরণের জন্য ইসলামী ব্যাংকের নিজস্ব ফান্ডই যথেষ্ট | তবে প্রয়োজন হলে তারল্য সহায়তার বিষয়ে বাংলাদেশ ব্যাংক সক্রিয়ভাবে বিবেচনা করবে।

ইসলামী ব্যাংকের চেয়ারম্যান মো. ওবায়েদ উল্লাহ আল মাসুদ সভা শেষে গণমাধ্যমকে বলেন, বাংলাদেশ ব্যাংকের বিরাজমান সুবিধা নিয়ে ইসলামী ব্যাংকের কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালিত হচ্ছে। তিনি বলেন, ইসলামী ব্যাংক বাংলাদেশ ব্যাংকের নিকট সুনির্দিষ্ট রোডম্যাপ উপস্থাপন করেছে। ব্যাংকের পারফরমেন্স ও ব্যাবসায়িক অর্জনের মাধ্যমে ইসলামী ব্যাংক কোটি কোটি গ্রাহকের আস্থার কারণে দ্রুততম সময়ের মধ্যেই ঘুরে দাঁড়াবে।